


## পাসপোর্টে ট্রাম্পের ছবি যোগ করছে যুক্তরাষ্ট্র

- A Monitor Desk Report

Date: 29 April, 2026



**ঢাকা:** যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ২৫০ বছর পূর্তি উপলক্ষে ট্রাম্পের ছবি ব্যবহারের সর্বশেষ ও সবচেয়ে গুরুত্বপূর্ণ উদাহরণ হতে যাচ্ছে নতুন পাসপোর্ট

যুক্তরাষ্ট্র শিগগিরই এমন পাসপোর্ট ইস্যু শুরু করবে, যার ভেতরে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ছবি থাকবে। মঙ্গলবার (২৮ এপ্রিল) এ তথ্য জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা।

ওই কর্মকর্তা বলেন, ওয়াশিংটন পাসপোর্ট এজেন্সিতে সরাসরি নবায়নকারীরা এ পাসপোর্ট পাবেন। তবে অনলাইন বা অন্য স্থানে পুরনো নকশাই বহাল থাকবে।

এর আগে স্মারক মুদ্রা বা পার্ক পাসে তার ছবি ব্যবহার হলেও পাসপোর্টের গুরুত্ব আলাদা। এটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি পরিচয়পত্র, যা সাধারণত ১০ বছর বৈধ থাকে।

প্রকাশিত নকশা অনুযায়ী, পাসপোর্টের ভেতরের কভারে ট্রাম্পের মুখছবি ও স্বর্ণালি স্বাক্ষর থাকবে। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র টমি পিগট জানান, বিশেষ এ পাসপোর্টে কাস্টমাইজড আর্টওয়ার্ক থাকবে। তবে নিরাপত্তা বৈশিষ্ট্য অপরিবর্তিত থাকবে।

পেছনের কভারে থাকবে ডিক্লারেশন অব ইন্ডিপেন্ডেন্স পেইন্টিংয়ের একটি দৃশ্য। বর্তমানে পাসপোর্টের ভেতরে ফ্রান্সিস স্কট কি-কে ঘিরে আঁকা একটি চিত্র ব্যবহৃত হয়।

এর আগে দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় পার্ক পাসে ট্রাম্পের ছবি যুক্ত করে। এছাড়া ২৫০ বছর পূর্তি উপলক্ষে ট্রাম্পের প্রতিকৃতি সংবলিত স্মারক মুদ্রাও অনুমোদিত হয়েছে।

